



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২৩৫৭

তারিখ: ০১/০১/২০২০

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদন ০৫ জানুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১১ জানুয়ারি ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ের যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে এবং ঘ) ২য় পর্যায়ে যে সকল আবেদনকারী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করেছে এবং সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠান কর্তৃক ফরম নিশ্চয়ন করা হয়েছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে। কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	<p>২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ:</p> <ul style="list-style-type: none"> i) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। ii) রিলিজ স্লিপে আবেদনের জন্য College Selection Option এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible কোর্সের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারীকে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। iii) রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। iv) রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। 	<p>০৫/০১/২০২০ থেকে ১১/০১/২০২০</p>

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯২৯১০৬৮

ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২৩৫৭

তারিখ: ০১/০১/২০২০

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যাম্পেল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যাম্পেল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

স্বাক্ষরিত/-

(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (সম্মান)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪